# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৫০

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ মেঘের কারণে যখন শাওয়াল মাসের চাঁদ না দেখা যাবে, তখন লোকদের জন্য জরুরী হলো রমযান মাস ৩০ দিন পূর্ণ করা

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بأَنَّ عَلَى النَّاسِ أَنْ يُتِمُّوا صَوْمَ رَمَضَانَ ثَلَاثِينَ يَوْمًا عِنْدَ عَدَمِ رُؤْيَةِ هِلَالِ شَوَّالٍ

---

আরবী

3450 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا مُحَمَّدُ بن عمرو عن أبي سلمة: عن أَبي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صُومُوا لِرُؤْيَتِهِ وَأَفْطِرُوا لِرُؤْيَتِهِ فَإِنْ غُمَّ عَلَيْكُمْ فَعُدُّوا ثَلَاثِينَ يَوْمًا ثُمَّ أَفْطِرُوا)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3450 | خلاصة حكم المحدث: صحيح – ((الإرواء)) (902): ق.

বাংলা

৩৪৫০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমরা চাঁদ দেখবে, তখন সিয়াম রাখবে এবং আবার যখন চাঁদ দেখবে, তখন সিয়াম ছেড়ে দিবে। যদি আকাশ তোমাদের কাছে মেঘাচ্ছন্ন হয়, তবে তোমরা (মাস) ৩০ দিন ধরে নিবে। তারপর সিয়াম ছেড়ে দিবে।”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৪/১৩৩; আত তায়ালিসী: ২৪৮১; মুসনাদ আহমাদ: ২/৪৫৪; সহীহুল বুখারী: ১৯০৯; সহীহ মুসলিম: ১০৮১; দারেমী: ২/৩; সুনান বাইহাকী: ৪/২০৫; দারাকুতনী: ২/১৬২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২০৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92784

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন